# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালকের কার্যালয়
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো
রহমান চেম্বার (১০ম তলা),
১২-১৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৯৫৫০৯৩৭, ৯৫৬০৯০৬।
e-mail: dir.staff.bwdb@ gmail.com

www.bwdb.gov.bd

OFFICE OF THE DIRECTOR
DIRECTORATE OF STAFF DEVELOPMENT.
BWDB, RAHMAN CHAMBER (9TH FLOOR),
12-13 MOTIJHEEL C/A, DHAKA-1000.
PHONE: 9550937, 9560906.
e-mail: dir.staff.bwdb@ gmail.com

স্মারক নং-৫১৬-পাউবো (কউ)/আর-৪২/২০১৪ তারিখঃ ১২ জুন ২০১৪ খ্রিঃ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে নিম্নে বর্ণিত ক্যাটাগরী/পদ সমূহে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

| ক্রমিক নং | ক্যাটাগরীর নাম ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | বয়স সীমা (১৭/৭/২০১৪ ইং তারিখে) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা (পুর)/প্রাক্কলনিক<br>বেতন স্কেল ঃ টাকা ৮০০০-৪৫০X৭-১১১৫০-ইবি-৪৯০X১১- ১৬৫৪০ | ২৩(তেইশ) টি | ১৮-৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হতে পুরকৌশল বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী;তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না; এবং(খ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |
| ২। | উপ-সহকারী প্রকৌশলী/শাখা কর্মকর্তা (যান্ত্রিক/বিদ্যুৎ)<br>বেতন স্কেল ঃ টাকা ৮০০০-৪৫০X৭-১১১৫০-ইবি-৪৯০X১১- ১৬৫৪০ | ০৬(ছয়)টি | ১৮-৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হতে যন্ত্র কৌশল, তড়িৎ কৌশল বা শক্তি কৌশল বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রীঃ তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না; এবং (খ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা। |
| ৩। | ইঞ্জিনিয়ার গ্রেড-এ<br>বেতন স্কেল ঃ টাকা ৮০০০-৪৫০x৭-১১১৫০-ইবি-৪৯০x১১- ১৬৫৪০ | ০১(এক)টি | ১৮-৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মেরিন ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রী বা ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সমমানের ডিগ্রী অথবা অভ্যন্তরীণ নৌ-প্রকৌশল বিষয়ে কম্পিটেন্সি সার্টিফিকেট (আইএমই)সহ প্রথম শ্রেণীর জরীপ জাহাজে ইঞ্জিন রুম ইনচার্জ হিসাবে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা:তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না; (খ) উন্নত প্রযুক্তির সার্ভে যন্ত্রপাতি (যথাঃ এডিসিপি, হাইড্রো কম্পিউটার, রাডার, জিপিএস সিস্টেম, ইত্যাদি) চালনার অভিজ্ঞতা; এবং (গ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা: তবে শর্ত থাকে যে, জরীপ জাহাজ রক্ষণাবেক্ষণের কাজে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ৪। | ইঞ্জিনিয়ার গ্রেড-বি<br>বেতন স্কেল ঃ টাকা ৮০০০-৪৫০x৭-১১১৫০-ইবি-৪৯০x১১- ১৬৫৪০ | ০১(এক) টি | ১৮-৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মেরিন ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রী বা ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রী বা সমমানের ডিগ্রী অথবা অভ্যন্তরীণ নৌ-প্রকৌশল বিষয়ে কম্পিটেন্সি সার্টিফিকেট (আইএমই)সহ প্রথম শ্রেণীর জরীপ জাহাজে ইঞ্জিন রুম ইনচার্জ হিসাবে অন্যূন ০৫ (পাঁচ) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা: তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না; (খ) উন্নত প্রযুক্তির সার্ভে যন্ত্রপাতি (যথাঃ এডিসিপি, হাইড্রো কম্পিউটার, রাডার, জিপিএস সিস্টেম, ইত্যাদি) চালনার অভিজ্ঞতা; এবং (গ) এমএস ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার চালনার অভিজ্ঞতা: তবে শর্ত থাকে যে, জরীপ জাহাজ রক্ষণাবেক্ষণের কাজে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার প্রদান করা হবে। |

(খ) এ নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা অনুসরণ করা হবে।

(গ) আগ্রহী প্রার্থীদের নিম্নে বর্ণিত 'জীবন বৃত্তান্ত ছক' পূরণ পূর্বক ডাকযোগে অথবা সরাসরি আগামী ১৭ জুলাই ২০১৪ তারিখ পর্যন্ত অফিস সময়ের মধ্যে **পরিচালক, কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রহমান চেম্বার (১০ম তলা), ১২-১৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০** ঠিকানায় অবশ্যই পৌছাতে হবে।

## জীবন বৃত্তান্ত ছক

১। প্রার্থীত পদের নাম ঃ
২। দরখাস্তকারীর নাম (ক) বাংলায় ঃ
(খ) ইংরেজীতে ঃ
৩। পিতার নাম / স্বামীর নাম (ক্ষেত্রমতে) ঃ
৪। মাতার নাম ঃ
৫। বর্তমান /পত্র যোগাযোগের ঠিকানা
(ক) বাংলায় ঃ
(খ) ইংরেজীতে ঃ
৬। স্থায়ী ঠিকানা
(ক) বাংলায় ঃ
(খ) ইংরেজীতে ঃ
৭। নিজ জেলা (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক ইস্যুকৃত সনদ দ্বারা সমর্থিত) ঃ
৮। টেলিফোন নং (যদি থাকে) ঃ
৯। জন্ম তারিখ (প্রমানক সংযুক্ত করতে হবে) ঃ
১০।বয়স (১৭/০৭/২০১৪ ইং তারিখে) ঃ
১১। জাতীয়তা ঃ
১২। (ক) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিনা ঃ
(খ) মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা কিনাঃ
১৩। প্রার্থী উপজাতীয় তফসিলভুক্ত কিনা ঃ
১৪। প্রার্থী শারীরিক প্রতিবন্ধী কিনা ঃ
১৫।শিক্ষাগত যোগ্যতা ঃ

| ক্রঃ নং | পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | বোর্ড / বিশ্ববিদ্যালয় | পাশের সন | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/জিপিএ | প্রধান পাঠ্য বিষয়সমূহ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |

১৬। প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা (যদি থাকে)ঃ
১৭। ব্যাংক ড্রাফট /পে-অর্ডার নং ঃ . . . . . . . . . . . . . . তারিখঃ . . .. . . .. . .টাকার পরিমান ঃ. . . . . . . . . . . . . .ব্যাংকের নাম ও শাখার নাম ঃ . . . . . . . . . . . . . . . . . . .
১৮। সংযোজিত কাগজপত্রের তালিকা ঃ
১৯। আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ ঃ

বিঃ দ্রঃ **উপরে বর্ণিত জীবন বৃত্তান্ত ছকের কোন দফা বাদ দেয়া/অপূর্ণ রাখা যাবে না। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে কোন দফা প্রযোজ্য না হয়, তবে সেক্ষেত্রে প্রযোজ্য নহে শব্দগুচ্ছ উল্লেখ করতে হবে। জীবন বৃত্তান্ত ছকের কোন দফা অসম্পূর্ণ থাকলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।**

(ঘ) **আবেদনপত্রের সংগে নিম্নে বর্ণিত কাগজপত্রসমূহ সংযোজন করতে হবে ঃ**

১। উপ-পরিচালক, ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা **(Deputy Director, Dhaka Regional Accounting Centre, BWDB, Dhaka)** এর অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে ক্রয়কৃত ১০০০/-(এক হাজার) টাকার শুধুমাত্র **MICR নম্বরযুক্ত** ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার (অফেরতযোগ্য)।
২। সম্প্রতি তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
৩। আবেদনপত্রে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি।
৪। প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্রের সত্যায়িত কপি।
৫। উচ্চতর ডিগ্রী/ডিপ্লোমা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত কপি।

৬। জীবন বৃত্তান্ত ছকের ৭ ও ১১ নং অনুচ্ছেদে উল্লিখিত নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটি কপোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক ইস্যুকৃত নিজ জেলা উল্লেখ করতঃ জাতীয়তার সনদপত্রের মূল/সত্যায়িত কপি।

৭। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

৮। বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে ইস্যুকৃত সমমান নির্ধারণী সার্টিফিকেটের সত্যায়িত কপি অবশ্যই দরখাস্তের সাথে দাখিল করতে হবে।

৯। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে চাকুরী প্রার্থীদের সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা সংক্রান্ত সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত) এর সত্যায়িত কপি। প্রার্থী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হওয়ার ক্ষেত্রে প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সনদধারীর সম্পর্কের প্রমানক হিসাবে উপযুক্ত সনদের (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার কর্তৃক ইস্যুকৃত) সত্যায়িত কপি।

১০। উপজাতীয় প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত উপজাতীয় সম্পর্কিত সনদপত্রের সত্যায়িত কপি।

১১। প্রার্থী শারীরিক প্রতিবন্ধী হওয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি।

(ঙ) সাধারণ জ্ঞাতব্যঃ

১। **খামের উপর প্রার্থীত পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে, অন্যথায় আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।**

২। বয়স প্রমানের ক্ষেত্রে এস. এস. সি/সমমান সনদপত্র ব্যতীত অন্য কোন প্রশংসাপত্র/এ্যাফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত সাপেক্ষে লিখিত এবং মৌখিক পরীক্ষায় অবতীর্ণ হতে হবে।

৪। চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে অনাপত্তিপত্রসহ নির্ধারিত সময়সীমার মধ্যে দরখাস্ত দাখিল করতে হবে।

৫। বিভাগীয় প্রার্থীরা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে পারবেন। বিভাগীয় প্রার্থীদের জন্য বয়সসীমা শিথিল যোগ্য।

৬। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের অথবা মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সের উচ্চসীমা ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

৭। ত্রুটিপূর্ণ দরখাস্ত এবং প্রদত্ত তথ্যের সমর্থনে কাগজপত্র সংযুক্ত না থাকলে দরখাস্ত সরাসরি বাতিল হবে।

৮। সকল সত্যায়ন/প্রত্যয়ন ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সম্পাদিত হতে হবে।

৯। পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে বিবেচিত হবে।

১০। মে ৭, ২০১৩ তারিখে গেজেটে প্রকাশিত এস, আর, ও নং-৯৮-আইন/২০১৩ অনুযায়ী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১৩ মোতাবেক এই নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হলো।

১১। কর্তৃপক্ষ প্রয়োজনে সকল দরখাস্ত বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। এর জন্য কোন প্রকার জবাবদিহি করতে কর্তৃপক্ষ বাধ্য থাকবে না।

১২/৬/১৪

(মোঃ আব্দুল হাই)
পরিচালক

স্মারক নং-৫১৬/১(৩০)-পাউবো (কউ)/আর-৪২/২০১৪ তারিখঃ ১২ জুন ২০১৪ খ্রিঃ।

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষনঃ সিনিয়র সহকারী সচিব, প্রশাসন শাখা-০১)।
২. প্রধান, প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন, বাপাউবো, ঢাকা ।
৩. প্রধান, মনিটরিং, বাপাউবো, ঢাকা। **(তাঁকে উপরোক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এতদ্সঙ্গে বিজ্ঞপ্তির সফ্ট কপি সিডিতে-১টি প্রেরণ করা হলো)।**
৪. নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপাউবো, ঢাকা।
৫. পরিচালক, কার্যক্রম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬. সচিব, বাপাউবো, ঢাকা।
৭. পরিচালক, প্রচার সেল, বাপাউবো, **(তাঁকে উপরোক্ত জরুরী বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ন্যূনতম দুইটি(১ টি বাংলা ও ১টি ইংরেজী) জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এতদ্সঙ্গে বিজ্ঞপ্তির হার্ড কপি ১২ টি ও সফ্ট কপি সিডিতে-১টি প্রেরণ করা হলো)।**
৮. মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।
৯. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা) বাপাউবো, ঢাকা।
১০. নোটিশ বোর্ডের কপি।
১১. নথির কপি।

১২/৬/২০১৪

(মোঃ আসাদুজ্জামান)
নির্বাহী প্রকৌশলী (নিয়োগ ও পরীক্ষা),
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।